বাংলাদেশ ব্যাংক
ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

মুজিব শতবর্ষ MUJIB 100

**বিজ্ঞপ্তি নং- ৪৭/২০২১**

তারিখ : ২৬ ফাল্গুন ১৪২৭ / ১১ মার্চ ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত বিভিন্ন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে সমন্বিতভাবে ২০১৯ সাল ভিত্তিক নিম্নোক্ত শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

<table>
<tr><th>ক্রমিক</th><th>শিরোনাম</th><th>বিবরণ</th></tr>
<tr><td>১</td><td>পদের নাম</td><td>‘সিনিয়র অফিসার (প্রকৌশলী - সিভিল)’</td></tr>
<tr><td>২</td><td>পদ সংখ্যা</td><td>২১টি (সোনালী ব্যাংক লিমিটেড - ৪টি, জনতা ব্যাংক লিমিটেড - ৩টি, রূপালী ব্যাংক লিমিটেড - ৩টি, বাংলাদেশ কৃষি ব্যাংক - ৮টি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক - ১টি, বাংলাদেশ হাউসবিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন - ১টি, প্রবাসী কল্যাণ ব্যাংক - ১টি)</td></tr>
<tr><td>৩</td><td>বেতন স্কেল</td><td>জাতীয় বেতন স্কেল ২০১৫ এর টাকা ২২,০০০/- .... ৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।</td></tr>
<tr><td>৪</td><td>শিক্ষাগত যোগ্যতা</td><td>ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী থাকতে হবে।<br>খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই) টিতে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারী নীতিমালা প্রযোজ্য হবে।<br>গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না ।<br>ঘ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে-<br>(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-
<table>
<tr><td>জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব</td><td>প্রথম বিভাগ</td></tr>
<tr><td>জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ</td></tr>
</table>
(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-
<table>
<tr><th colspan="2">অর্জিত সিজিপিএ</th><th rowspan="2">সমতুল্য শ্রেণি/বিভাগ</th></tr>
<tr><td>৪.০০ পয়েন্ট স্কেলে</td><td>৫.০০ পয়েন্ট স্কেলে</td></tr>
<tr><td>৩.০০ বা তদূর্ধ্ব</td><td>৩.৭৫ বা তদূর্ধ্ব</td><td>প্রথম বিভাগ/শ্রেণি</td></tr>
<tr><td>২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম</td><td>২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ/শ্রেণি</td></tr>
</table></td></tr>
</table>

৫. **বয়স (০১/০৩/২০২০ তারিখে) :** ক) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।
খ) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

৬. **আবেদনপত্র পূরণ ও ফি প্রদানের শেষ তারিখ ও সময় :** ২৫/০৩/২০২১ তারিখ, রাত ১১.৫৯ টা।

৭. **Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময় :** ২৮/০৩/২০২১ তারিখ, রাত ১১.৫৯ টা।

৮. **আবেদন ফি এর পরিমাণ :** পরীক্ষার ফি অফেরতযোগ্য **টা:২০০/- (টাকা** দুইশত মাত্র) যা ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর Payment Gateway **‘রকেট’** এর মাধ্যমে প্রদান করতে হবে।

৯. **আবেদন পদ্ধতি :**

ক. **Online Application Form :** শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) -এর Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online এ আবেদন দাখিলের সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **প্রার্থীর বিবরণ :** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে Online আবেদনে ঠিক সেভাবে লিখতে হবে।

গ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা :** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানা প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। অবিবাহিত মহিলা প্রার্থীগণ আবেদন দাখিলের পরে বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

ঘ. **ছবি (Photo) :** নতুন আবেদনকারীর ক্ষেত্রে প্রার্থীকে Online Application Form এর নির্ধারিত স্থানে 600×600 pixel এর কম বা বেশি নয় এবং file size 100KB এর বেশি নয় এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা প্রার্থীর রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত) scan করে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। সাদাকালো অথবা informal ছবি গ্রহণযোগ্য হবে না।

ঙ. **স্বাক্ষর (Signature) :** নতুন আবেদনকারীর ক্ষেত্রে Online Application Form এর নির্ধারিত স্থানে 300×80 pixel এর কম বা বেশি নয় এবং file size 60KB এর বেশি নয় এরূপ মাপের প্রার্থীর নিজের স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। স্বাক্ষর সাদা কাগজের উপর কালো কালিতে প্রদত্ত হতে হবে।

চ. **অর্জিত ডিগ্রীর ফলাফলের তারিখ :** Online Application Form এর নির্ধারিত ঘরে পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রীর ফলাফল প্রকাশের তারিখ উল্লেখ করতে হবে।

ছ. **বিদেশী ডিগ্রীপ্রাপ্ত প্রার্থী :** প্রার্থী ‘O’ Level ও ‘A’ Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে উপস্থাপন করতে হবে।

জ. **প্রতিষ্ঠান পছন্দের ক্রম :** Online আবেদনে প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রত্যেক প্রতিষ্ঠানকে বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান পছন্দের ক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণকে তাদের অর্জিত মেধাক্রম এবং Online আবেদনে উল্লিখিত পছন্দের ক্রম অনুসারে শূন্য পদ থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পদায়ন করা হবে। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনকৃত প্রতিষ্ঠান পছন্দের ক্রম পরিবর্তনযোগ্য নয়।

ঝ. **CV ID No. গ্রহণ :** বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে ইতিপূর্বে আবেদনকারী প্রার্থীদের বিদ্যমান CV ID No. এবং Password ব্যবহার করে Online Application Form পূরণ করতে হবে। নতুন আবেদনকারীগণ বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এর মাধ্যমে Online Application Form এর প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করলে একটি CV ID No. এবং Password প্রাপ্ত হবেন। প্রাপ্ত CV ID No. এর ১ম অংশ [হাইফেনের(-) পূর্বের অংশ] আবেদন ফি প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে ।

ঞ. **Job ID No** : বর্ণিত পদের Job ID No = 10120 আবেদন ফি প্রদানের সময় নির্ধারিত স্থানে ব্যবহার করতে হবে।

ট. **আবেদন ফি প্রদান পদ্ধতি :** আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে। Instant এবং Prepaid উভয় পদ্ধতিতে একজন আবেদনকারী নিজের অথবা এজেন্ট একাউন্ট এর মাধ্যমে ফি প্রদান করতে পারবেন। Instant পদ্ধতিতে একজন আবেদনকারী তার রকেট একাউন্ট ব্যবহার করে সরাসরি ফি প্রদান করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন। Prepaid পদ্ধতিতে একজন আবেদনকারী এজেন্ট অথবা নিজের একাউন্ট এর মাধ্যমে ফি প্রদান করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন। প্রর্থীগণ নির্ধারিত Job ID No এবং তাদের CV ID No. এর ১ম অংশ [হাইফেনের(-) পূর্বের অংশ] এর বিপরীতে আবেদন ফি প্রদান করবেন। আবেদন ফি প্রদান করলে প্রার্থী জমাকৃত ফি এর বিপরীতে একটি Txn ID নম্বর পাবেন।

ঠ. **Tracking Page সংগ্রহ :** ফি প্রদানের পর বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে সংরক্ষিত প্রার্থীর Online Application Form এর নির্ধারিত ঘরে Txn ID নম্বরটি বসালে ফি প্রদানের verification সাপেক্ষে তাকে একটি Tracking ID প্রদান করা হবে। একজন প্রার্থী Tracking ID প্রাপ্ত হলেই তার আবেদন সফলভাবে Submit হয়েছে বলে বিবেচিত হবে। পরবর্তীতে Online Application Form এ উল্লিখিত তথ্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। Tracking ID সম্বলিত Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য প্রিন্ট করে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।

১০. Online Application Form এ প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী জেলা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে নিজে পূরণ করতে হবে। Online Application Form এ প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে।

১১. প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ করা হবে।

১২. প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩. প্রার্থীদেরকে Online আবেদনের সময় কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন জমা দিতে হবে। Online Application Form এ প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো substantive ত্রুটি ধরা পড়লে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে মেধাতালিকা প্রস্তুতিকালেও যদি কোনো প্রকার গুরুতর ত্রুটি/অসঙ্গতি (যেমন : স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পরীক্ষার ফল প্রকাশের তারিখ, জন্ম তারিখ, নাগরিকত্ব সনদ ইত্যাদি) পরিলক্ষিত হলে বা অসম্পূর্ণ/অসত্য তথ্য পাওয়া গেলে প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

১৪. চাকুরীরত প্রার্থীদেরকে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১৫. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৬. সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

১৭. প্রণীতব্য মেধাতালিকা শুধুমাত্র এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০১৯ সাল ভিত্তিক ২১টি শূন্যপদের জন্য প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট ব্যাংকসমূহে ৩১/১২/২০১৯ তারিখের পরে শূন্য হওয়া পদের জন্য এ মেধাতালিকা হতে প্রার্থী নির্বাচন করা হবে না।

**বিশেষ দ্রষ্টব্য : শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও নির্ধারিত ফি প্রদান করতঃ Tracking Page টি হার্ডকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।**

স্বাক্ষরিত
**(আরিফ হোসেন খান)**
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য সচিব, বিএসসি